গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

নং -৪৬.০৪২.০০৬.০০.০০.১৩৯.২০১১.৬৮৬ তারিখঃ ১৫-০২-২০১১ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ জেলা পরিষদের পত্র যোগাযোগে ই-মেইল ব্যবহার এবং তথ্যাদি সংরক্ষণের জন্য নিজস্ব ওয়েবসাইট ব্যবহার প্রসংগে।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের ২৮.৯.২০১০ তারিখের জেপশা/বাজেট-৩/২০০৯/২৬৬২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৮/৮/২০১০ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদসমূহের রাজস্ব বাজেট অনুমোদন ও বার্ষিক পর্যালোচনা সভা, ২০১০ এর সিদ্ধান্ত অনুযায়ী জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, কর্মরত ও শূন্য পদের তথ্য, দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত কর্মচারী, জেলা পরিষদ কর্তৃক নির্মিত ডাকবাংলো, অডিটরিয়াম, ইউপি কমপ্লেক্স, মার্কেট নির্মাণ সম্পর্কিত তথ্য, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজের অগ্রগতি ইত্যাদি তথ্য ওয়েবসাইটে সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এ বিষয়ে আশানুরূপ অগ্রগতি লক্ষ করা যায়নি। এছাড়া বর্তমান তথ্য প্রযুক্তির যুগে দ্রুততম সময়ে পত্র যোগাযোগের জন্য ই-মেইল ব্যবহারেও তেমন উৎসাহ দেখা যায়না।

০২। এমতাবস্থায়, জেলা পরিষদের সম্পত্তির হিসাব, সম্পত্তি হতে প্রাপ্ত আয়, লোকবল, শূন্য পদ, এডিপি ও রাজস্ব তহবিলের খাত ওয়ারী গৃহীত প্রকল্প, প্রকল্পের অগ্রগতি ইত্যাদি তথ্য মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি ওয়েবসাইটে সংরক্ষণ, ডাকযোগে প্রেরণসহ ই-মেইলে প্রেরণ নিশ্চিতকরণ এবং পত্র যোগাযোগে ই-মেইল ব্যবহারসহ প্রতিদিন নিয়মিত (সকাল ৯.৩০ টায় এবং বিকাল ৪.৩০ টায়) ই-মেইল বক্স ওপেন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। এ ছাড়া জেলা পরিষদ কর্তৃক মন্ত্রণালয়ে প্রেরিত সকল পত্রে ওয়েবসাইট ও ই-মেইল এ্যাড্রেস উল্লেখ করার জন্যও অনুরোধ করা হ'ল।

১৫/২/১১
(জুবাইদা নাসরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ.--------------------সকল।

অনুলিপিঃ

১। মহাপরিচালক/যুগ্ম-সচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Com-1\D\2010-2011\Co-ordination meeting\Letter.doc-5